



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪

২০ জ্যৈষ্ঠ ১৪৩১

তারিখ: -----

০৩ জুন ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকের ব্যবসা কেন্দ্রসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭ তারিখ: ০৫/৭/২০১৫, বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬ তারিখ: ০৫/৩/২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৬১ তারিখ: ২০/১১/২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- উপরোল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের মাধ্যমে সকল তফসিলি ব্যাংকের ব্যবসা কেন্দ্রসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে ব্যাংক শাখার প্রবেশ পথে, শাখার অভ্যন্তরে, শাখার বাহিরে চতুর্দিকে এবং সকল ধরনের আইটি রুম (IT Room) এ প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি/আইপি ক্যামেরা/স্পাই ক্যামেরা স্থাপনসহ সেগুলো ব্যাংকের সেন্ট্রাল ইনফরমেশন নেটওয়ার্কের সাথে সংযুক্ত রাখা, সিসিটিভি/ ক্যামেরাসমূহ সার্বক্ষণিক সচল রাখাসহ মনিটরিং-এর আওতায় আনা এবং ক্যামেরায় ধারণকৃত ভিডিও ফুটেজ যাতে প্রয়োজনে নিকটস্থ থানা/পুলিশ পেতে পারে সে বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ব্যাংকের নিরাপত্তার জন্য পর্যাপ্ত/অধিক সংখ্যক সশস্ত্র নিরাপত্তা প্রহরী নিয়োজিত করা এবং সশস্ত্র নিরাপত্তা প্রহরীদের অস্ত্র চালানোর পর্যাপ্ত প্রশিক্ষণদানের ব্যবস্থা করার নির্দেশনা প্রদান করা হয়েছে। তথাপি, কিছু কিছু ব্যাংক তাদের ব্যবসা কেন্দ্রসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণে উপরোল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করছে না মর্মে এ বিভাগ অবহিত হয়েছে।
- এক্ষণে, আপনাদের ব্যাংকের ব্যবসা কেন্দ্রসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে উপরোল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের নির্দেশনা যথাযথভাবে পরিপালন করার জন্য নির্দেশনা দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২